দৈনিক বাংলা
তারিখ ..07. FEB 1991 ... ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ২ ...

22

05

# ডিগ্রী পরীক্ষায় নকল

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষার প্রথম দিনে বিভিন্ন কেন্দ্র থেকে নকলের দায়ে বহিষ্কার, নকল নিয়ে হাঙ্গামা ও শিক্ষক লাঞ্ছনার খবর পাওয়া গেছে।

পরীক্ষায় নকলবাজি নতুন ঘটনা নয়। এস এস সি থেকে শুরু করে ডিগ্রী পরীক্ষা পর্যন্ত সকল পর্যায়েই কিছুসংখ্যক ছাত্র পরীক্ষায় অসদুপায় অবলম্বন করে। নকল করেই তারা ক্ষান্ত হয় না—নকল ধরতে গেলেও তারা হাঙ্গামা বাধায়। পরিদর্শক–শিক্ষকদের লাঞ্ছনাও পরিচিত ঘটনা।

পরীক্ষায় এ অন্যায় কাজ কিছুতেই মেনে নেয়া যায় না। ভাবলে দুঃখ পেতে হয়, ডিগ্রী পরীক্ষা দিয়ে যারা দায়িত্বশীল নাগরিক হিসাবে কর্মক্ষেত্রে প্রবেশ করতে যাচ্ছে তারা নকলবাজিতে লিপ্ত হচ্ছে। শিক্ষকদের গায়ে হাত তুলতেও তারা কুণ্ঠিত নয়। এ ধরনের শিক্ষার্থী সমাজের কোন্ কাজে লাগবে?

গোটা শিক্ষা ব্যবস্থায় নকলের ঘুণ লেগেছে। কর্তৃপক্ষ কঠোর হাতে নকল বন্ধ করার ব্যবস্থা নেবেন, এটাই আমরা আশা করি। ভবিষ্যতে নির্বাচিত সরকারকে শিক্ষাঙ্গনের এ সমস্যার প্রতি বিশেষ দৃষ্টি দিতে হবে।